গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২।
www.dgnm.gov.bd

স্মারক নং ৪৫.০৩.০০০০. ০০২.০১.০০২.২০-৬৯৮ তারিখঃ- ৩০/১২/২০২০খ্রিঃ।

**বিষয়ঃ ২০২০-২০২১ শিক্ষাবর্ষে সরকারি-বেসরকারি নার্সিং কলেজসমূহে (পোস্ট বেসিক) ছাত্র-ছাত্রী ভর্তিকরণ।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এর স্মারক নং-৫৯.০০.০০০০. ১৪৩.৯৯.০৩.২০১৯- ৪৪৪, তারিখঃ ২৮/১২/২০২০খ্রিঃমোতাবেক সরকারি-বেসরকারি নার্সিং কলেজসমূহে বিএসসি নার্সিং ও বিএসসি পাবলিক হেলথ নার্সিং(পোস্ট বেসিক) কোর্সে নিম্নবর্ণিত শর্তাবলী অনুসরণ করে ২৭ নভেম্বর ২০২০খ্রিঃতারিখে অনুষ্ঠিত ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ভর্তির কার্যক্রম শুরু করার জন্য নির্দেশক্রমে নিম্নরুপ নির্দেশনা জারী করা হলো।

**কোর্সে ভর্তির জন্য প্রযোজ্য শর্তাবলীঃ**

(ক) সংশ্লিষ্ট নার্সিং কলেজের অধ্যক্ষগণ মেধা তালিকায় নির্বাচিত (উত্তীর্ণ)প্রার্থীগণ আগামী ০৩/০১/২০২১ তারিখ হতে ১২/০১/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে স্বস্ব নার্সিং কলেজে ভর্তি কার্যক্রম আবশ্যিকভাবে শেষ করবেন। অতঃপর ১৩/০১/২০২১ খ্রিঃ তারিখ হতে ২১/০১/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে শুন্য আসন থাকা সাপেক্ষে অপেক্ষমান তালিকা হতে ভর্তি কার্যক্রম সম্পন্ন করতে হবে। ২১/০১/২০২১ খ্রিঃতারিখের পর কোন অবস্থাতেই ভর্তি করা যাবে না। ভর্তিকৃত ছাত্র-ছাত্রীর নামের তালিকা মহাপরিচালক,নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর বরাবরে ২৭/০১/২০২১ তারিখের মধ্যে আবশ্যিকভাবে প্রেরণ করবেন।

(খ) সরকারি প্রতিষ্ঠানে কর্মরত ভর্তির জন্য(নার্সিং সুপারভাইজার /সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স/ নার্স) নির্বাচিত প্রার্থীগণ ভর্তির সময় ০২ (দুই)বছরের চাকরির অভিজ্ঞতার সনদ সংশ্লিষ্ট নার্সিং কলেজের অধ্যক্ষ বরাবর জমা দিবেন। ভর্তি বিজ্ঞপ্তি অনুসারে আবেদন করার শেষ তারিখ অর্থাৎ ২০/০৯/২০খ্রিঃ তারিখ পর্যন্ত সরকারি চাকরির মেয়াদ ০২(দুই) বছর পূর্ণ হয়নি তারা ভর্তির জন্য অযোগ্য বলে বিবেচিত হবেন। সে সকল শুন্য আসনগুলো অপেক্ষমান তালিকা হতে মেধা ক্রমানুসারে ভর্তির জন্য নির্বাচন করা হবে।

(গ) সরকারী প্রতিষ্ঠানে কর্মরত সিনিয়র স্টাফ নার্স/ স্টাফ নার্স/নার্স/ নার্সিং সুপারভাইজার এর সৃষ্ট পদের বিপরীতে ন্যূনতম ১০% ভর্তির জন্য নির্বাচিত নার্সিং কর্মকর্তাকে স্থানীয় কর্তৃপক্ষ জ্যেষ্ঠতার ভিত্তিতে ভর্তির জন্য সুপারিশ করবেন।

(ঘ) নির্বাচিত প্রার্থীগণ সংশ্লিষ্ট বিশ্ববিদ্যালয়/নার্সিং কলেজের একাডেমিক ক্যালেন্ডার অনুযায়ী ক্লাশ শুরুর তারিখ হতে পরবর্তী ০২(দুই) বছরের জন্য নার্সিংও মিডওয়াইফারি অধিদপ্তর প্রেষণাদেশ প্রদান করবেন। যুক্তিসংগত কারণ ব্যতিত কোন ক্রমেই প্রেষণাদেশের মেয়াদ ০২(দুই) বছরের অধিক হবে না।

(ঙ) কোর্সে অধ্যয়নকালীন বদলী বা সংযুক্তির জন্য আবেদন করা যাবে না। অসুস্থ্যতা, পারিবারিক ঝামেলা, দূর্ঘটনা বা যে কোন সমস্যার ক্ষেত্রে প্রার্থী কোর্স চলাকালীন যে কোন পর্যায়ে অব্যাহতি নিতে চান বা প্রেষণ/ শিক্ষা ছুটি বাতিল করে স্ব স্ব প্রতিষ্ঠান/হাসপাতালে ফেরৎ যেতে চান, তাদের আবেদন যৌক্তিক বিবেচিত হলে ইতোপূর্বে গৃহিত সকল বেতন-ভাতা, শিক্ষা বৃত্তি, আবাসিক খরচসহ সরকার হতে প্রাপ্ত সমূদয় অর্থ ফেরত/ সরকারি কোষাগারে আবশ্যিকভাবে ফেরত দিতে হবে। ব্যর্থতায় বেতনভাতা/পেনশন হতে (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

(চ) নিবার্চনের পূর্বে বা ভর্তি হওয়ার পরে প্রার্থী/ শিক্ষার্থী তথ্য প্রদানের ক্ষেত্রে ভুল প্রমানিত হলে তাদের ভর্তির জন্য এ নির্বাচন বাতিল বলে গণ্য হবে।

(ছ) নির্বাচিত প্রার্থীগণ নার্সিং কলেজে অধ্যয়নকালে কোন প্রকার চাকরি/প্রশিক্ষণ বা অন্য কোন প্রতিষ্ঠানে অধ্যয়ন করতে পারবেন না। কোর্সে অধ্যয়নকালীন শৃঙ্খলা পরিপন্থি কোন কাজে লিপ্ত হলে তার ভর্তি বাতিল বলে গণ্য হবে।

(জ) সরকারি প্রতিষ্ঠানে কর্মরত(নার্সিং সুপারভাইজার/ সিনিয়র স্টাফ নার্স/স্টাফ নার্স/ নার্স) নির্বাচিত প্রার্থীগণ নিয়োগকারী কর্তৃপক্ষের পূর্বানুমতি ব্যতিত বেসরকারি নার্সিং কলেজে ভর্তি হতে পারবেন না। ন্যূনতম ০৩(তিন) বছরের সরকারি চাকরীতে কর্ম অভিজ্ঞতা সম্পন্ন সিনিয়র স্টাফ নার্স/ স্টাফ নার্স/নার্স/ নার্সিং সুপারভাইজারগণ স্থানীয় কর্তৃপক্ষের সুপারিশের ভিত্তিতে বিনা বেতনে নিজ খরচে বেসরকারি প্রতিষ্ঠানে নিয়োগকারী কর্তৃপক্ষের অনুমতি সাপেক্ষে অধ্যয়ন করতে পারবেন।

অপর পাতায় দেখুন

(ঝ) সরকারি নার্সিং কলেজে বেসরকারি কোটায় মেধাক্রমানুসারে ভর্তির জন্য নির্বাচিত প্রার্থীগণ নিজ খরচে অধ্যয়ন করতে পারবেন।

(ঞ) সিভিল সার্জন বা সমমান/আরপি/আরএস অথবা সমপদমর্যাদা সম্পন্ন চিকিৎসক কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা করতঃ সুস্থ্যতার সনদপত্র (ফিটনেস সার্টিফিকেট) ভর্তিকালীন সংশ্লিষ্ট নার্সিং কলেজে জমা দিতে হবে।

(ট) সরকারী হাসপাতাল/সেবা প্রতিষ্ঠানে কর্মরত সিনিয়র স্টাফ নার্স/ স্টাফ নার্স/নার্স/ নার্সিং সুপারভাইজার এর সৃষ্ট পদের বিপরীতে ন্যুনতম ১০% ভর্তির জন্য নির্বাচিত নার্সিং কর্মকর্তাকে জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রেষণাদেশ / সংযুক্তি আদেশ প্রদান করা হবে।

(ঠ) নির্বাচিত প্রার্থীকে নিম্নবর্ণিত কাগজ-পত্রাদির অনুলিপি ১ম শ্রেণির গেজেটেড সরকারী কর্মকর্তা (৯ম গ্রেড) কর্তৃক সত্যায়িত করে জমাদান পূর্বক নির্ধারিত তারিখের মধ্যে সংশ্লিষ্ট কলেজে ভর্তি হতে হবে।

(ড) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা সনদপত্র, ভর্তি পরীক্ষার প্রবেশপত্র (Admit Card) এর অনুলিপি সংশ্লিষ্ট নার্সিং কলেজে ভর্তিকালীন জমা দিতে হবে।

(ঢ) বাংলাদেশ নার্সিং এন্ড মিডওয়াইফারি কাউন্সিল হতে প্রাপ্ত হালনাগাদ রেজিস্ট্রেশন এর সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

(ণ) কোর্সে অধ্যয়নকালে সংশ্লিষ্ট নার্সিং কলেজ/ বিশ্ববিদ্যালয়ের কোর্স কারিকুলাম/বিধি-বিধান মেনে চলতে হবে।

(ত) সরকারি নার্সিং কলেজে ভর্তির জন্য নির্বাচিত পুরুষ প্রার্থীদের নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করতে হবে, আবাসন সংকুলান না হলে মহিলা প্রার্থীগণও নিজ দায়িত্বে আবাসনের ব্যবস্থা করবেন।

২। এমতাবস্থায়, উপরোল্লিখিত শর্তাবলী যথাযথভাবে অনুসরণ পূর্বক ২০২০-২০২১ শিক্ষাবর্ষে পোস্ট বেসিক বিএসসি নার্সিং ও বিএসসি পাবলিক হেল্থ নার্সিং কোর্সে শিক্ষার্থী ভর্তি করার জন্য সরকারি ও বেসরকারি নার্সিং কলেজসমূহের প্রধানগণকে অনুরোধ করা হলো।

০৪/১২/২০২০

মোহাম্মদ আবদুল হাই, পিএএ
(উপসচিব)
পরিচালক (প্রশাসন ও শিক্ষা)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা

অধ্যক্ষ
সরকারি ও বেসরকারি পোস্ট বেসিক নার্সিং কলেজ
(সকল)-----------।

অনুলিপি জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ

১। সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ,স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়,ঢাকা।
২। উপসচিব (নার্সিং শিক্ষা),স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, ঢাকা।
৩। রেজিস্ট্রার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল, ঢাকা ।
৪। উপপরিচালক (পিএম আইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা
(পত্রটি ডিজিএনএম এর ওয়েব সাইটে প্রকাশের জন্য)।